

শিক্ষায় ছয় মাসের পরিকল্পনা মন্ত্রিসভায় উঠছে বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে শিক্ষা প্রতিমন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

প্রধানমন্ত্রী তারেক রহমান আগামী ছয় মাসের পরিকল্পনা জানতে চেয়েছেন বলে জানিয়েছেন শিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। তিনি বলেছেন, ‘আগামী বৃহস্পতিবার মন্ত্রিসভার বৈঠক আছে। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী পরিকল্পনাগুলো আমরা মন্ত্রিসভার বৈঠকে উপস্থাপন করব।’ গতকাল সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে শিক্ষাসংক্রান্ত কী বিষয় নিয়ে আলোচনা হয়েছে—এমন প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, ‘প্রধানমন্ত্রী আমাদের ডেকেছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের কাজ আমরা কীভাবে গোছাচ্ছি সেটা জানতে।’ তিনি মোটামুটি সব মন্ত্রণালয়কে নির্দেশনা দিয়েছেন আমরা আগামী ছয় মাসের ভেতরে কী কী করব, জনগণ কী কী দেখবে তা যেন প্রত্যেকটা মন্ত্রণালয় তার কাছে জবাবদিহি করে। প্রতিমন্ত্রী বলেন, ‘প্রধানমন্ত্রীর কাছে আমাদের জমা দিতে হবে আমরা কোন কোন লক্ষ্য কতখানি বাস্তবায়নের টোটাল প্ল্যান করেছি এবং ছয় মাসে তার ভেতরে কী কী দৃশ্যমান হতে পারে।’

তিনি বলেন, ‘সামনে এসএসসি পরীক্ষা আছে। আরো কী কী আছে, যেগুলো নিয়ে আমাদের এখন ইমিডিয়েট অনেক চিন্তার বিষয় আছে, সেগুলো আমরা কিছু কিছু প্রধানমন্ত্রীর সঙ্গে শেয়ার করেছি এবং শিক্ষা ও শিক্ষাঙ্গন নিয়ে প্রধানমন্ত্রীর যে ভিশনটা আছে, সেটার আলোকে আমাদের আরো নির্দেশনা দিয়েছেন।’ সাত কলেজের বিষয়ে তিনি বলেন, এটি মীমাংসিত বিষয়, যাতে সবাই সম্মতি দিয়েছেন। তবে শিক্ষাঙ্গন নিয়ে হটহাট করে কিছুতে হাত দেওয়া হবে না বলে তিনি জানান। পদত্যাগপত্র জমা দেওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান দায়িত্ব হস্তান্তর পর্যন্ত কাজ করে যাবেন বলেও তিনি মন্তব্য করেন।

তিনি আরো বলেন, ‘আমরা সুন্দর পরিকল্পনা

করে দীর্ঘমেয়াদে সব পরিবর্তন নিয়ে আসব। আর বাকি যে বিষয়গুলো মীমাংসিত, সেগুলো যদি দীর্ঘমেয়াদে আরো ভালো করার জন্য পরিবর্তনের প্রয়োজন হয়, দীর্ঘমেয়াদে আমরা সেটি করব।' আগামীতে শিক্ষাঙ্গনের জন্য সবচেয়ে ভালো সিদ্ধান্তগুলোই নেওয়া হবে বলে তিনি মন্তব্য করেন।